

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দাকোপ, খুলনা।
<http://dakop.khulna.gov.bd>

আগস্ট/ ২০১৯ মাসে অনুষ্ঠিত দাকোপ উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জয়দেব চক্রবর্তী, উপজেলা নির্বাহী অফিসার, দাকোপ, খুলনা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, দাকোপ, খুলনা।
তারিখ : ৩০ আগস্ট, ২০২৩ খ্রিঃ; সময়: সকাল ১১.৩০।
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। এরপর দাকোপ উপজেলা আইসিটি সংক্রান্ত বিভিন্ন কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ইউডিসি পরিদর্শন সংক্রান্ত:

ক্রম নং	পরিদর্শনের নাম	উপজেলা নির্বাহী কর্মকর্তা	সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর
০১.	ইউডিসি পরিদর্শন/দর্শন	০২ টি	০১ টি
০২.	শেখ.রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন	০১ টি	০৫ টি

০২. উপজেলা/ইউনিয়ন পোর্টাল সংক্রান্ত: উপজেলার সকল ইউনিয়ন এবং সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল দ্রুত হালনাগাদ করতে হবে। প্রয়োজনে দপ্তর প্রধানকে পুনরায় এ সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করতে হবে।

সিদ্ধান্ত: সকল সরকারী অফিস ও সকল ইউনিয়ন পোর্টালের তথ্যাদি দ্রুত হালনাগাদ করতে হবে। এ সংক্রান্ত তাগিদপত্র সংশ্লিষ্ট দপ্তরকে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: সংশ্লিষ্ট সকল অফিসের কর্মকর্তা ও ইউডিসি উদ্যোক্তা (সকল), দাকোপ, খুলনা।

০৩. ইউডিসি সংক্রান্ত: নতুন বিভিন্ন সেবা প্রদানের জন্য a2i কর্তৃক নির্দেশনা রয়েছে, সেক্ষেত্রে অন্যান্য জেলার ইউডিসির নতুন সেবা জেনে দাকোপ উপজেলায় প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হয়। এছাড়া পল্লী বিদ্যুতের বিল গ্রহণ সংক্রান্ত সেবা প্রদান করতে হবে।

সিদ্ধান্ত: নতুন বিভিন্ন সেবাসহ পল্লী বিদ্যুতের বিল গ্রহণ সংক্রান্ত সেবা বাড়াতে হবে।

বাস্তবায়নে: ইউডিসি উদ্যোক্তা (সকল), দাকোপ, খুলনা।

০৪. মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্ত: দাকোপ উপজেলাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মাল্টিমিডিয়া ক্লাসরুমের বর্তমান অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। MMC-এর প্রতিবেদনের জন্য mmc.e-service.gov.bd -এই সাইটে প্রতিদিন শতভাগ আপলোডের জন্য পুনরায় অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত: mmc.e-service.gov.bd -এই সাইটে প্রতিদিন আপলোড নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নে: উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধান, দাকোপ, খুলনা।

০৫. রেকর্ডরুম থেকে পর্চা সংগ্রহ সংক্রান্ত: জেলা প্রশাসকের কার্যালয়, খুলনার রেকর্ডরুম হতে অনলাইনে পর্চা পাওয়া যায় মর্মে দাকোপ উপজেলাধীন ০৬ (ছয়)টি ইউডিসি থেকে প্রচারনা চালাতে হবে।

সিদ্ধান্ত: জেলা প্রশাসকের কার্যালয়, খুলনার রেকর্ডরুম হতে অনলাইনে পর্চা সংগ্রহ করতে হবে।

বাস্তবায়নে: ইউডিসি উদ্যোক্তা(সকল), দাকোপ, খুলনা।

০৬. শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ অন্যান্য ল্যাব পরিদর্শন সংক্রান্ত: শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ অন্যান্য আইসিটি ল্যাব সম্পর্কে বিশদ আলোচনা হয়।

সিদ্ধান্ত: সকল ডিজিটাল ল্যাব নিয়মিত পরিদর্শন করতে হবে।

বাস্তবায়নে: উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সহকারী প্রোগ্রামার, দাকোপ, খুলনা।

অতঃপর উপজেলা আইসিটি কমিটির সকল সদস্যকে নিয়মিত মাসিক সভায় হাজির থাকার জন্য অনুরোধ জানানো হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(জয়দেব চক্রবর্তী)

উপজেলা নির্বাহী অফিসার

দাকোপ, খুলনা।

তারিখ: ৩১ আগস্ট, ২০২৩ খ্রিঃ।

নম্বর- ০৫.৪৪.৪৭১৭.০০১.৩৩.০০১.২৩- ৫৩২/২

অনুলিপি সদয় অবগতি/ অবগতি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১. বিভাগীয় কমিশনার, খুলনা।
০২. জেলা প্রশাসক, খুলনা।
০৩. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা।
০৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
০৫. চেয়ারম্যান, (সকল) ইউনিয়ন পরিষদ, দাকোপ, খুলনা।
০৬. উপজেলা কর্মকর্তা, দাকোপ, খুলনা।
০৭. অধ্যক্ষ/ প্রধান শিক্ষক..... কলেজ/মাধ্যমিক বিদ্যালয়, দাকোপ, খুলনা।
০৮. উদ্যোক্তা, (সকল) ইউনিয়ন পরিষদ, দাকোপ, খুলনা।
০৯. জনাব

(জয়দেব চক্রবর্তী)

উপজেলা নির্বাহী অফিসার

দাকোপ, খুলনা।